# সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ১৯৪৪

৯. কিতাবুস সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ তর্জনীর মাধ্যমে ইশারা কিবলার দিকে হওয়া জরুরী

ذِكْرُ الْبَيَانِ بِأَنَّ الْإِشَارَةَ بِالسَّبَّابَةِ يَجِبُ أَنْ تَكُونَ إِلَى القِبلة

আরবী

1944 ـ أَخْبَرَنَا ابْنُ خُزَيْمَةَ قَالَ: حَدَّثَنَا عَلِيُّ بْنُ حُجْرٍ قَالَ: حَدَّثَنَا إِسْمَاعِيلُ بْنُ جَعْفَرٍ قَالَ: حَدَّثَنَا مُسْلِمُ بْنُ أَبِي مَرْيَمَ عَنْ عَلِيِّ بْنِ عَبْدِ الرَّحْمَنِ الْمُعَاوِيِّ عَنِ ابْنِ عُمَرَ أَنَّهُ رَأَى رَجُلًا يُحَرِّكُ الْحَصَى بِيَدِهِ وَهُوَ فِي الصَّلَاةِ فَلَمَّا انْصَرَفَ قَالَ لَهُ عَبْدُ اللَّهِ: لَا تُحَرِّكِ الْحَصَى وَأَنْتَ فِي الصَّلَاةِ فَإِنَّ ذَلِكَ مِنَ الشَّيْطَانِ وَلَكِنِ اصْنَعْ كَمَا كَانَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يَصْنَعُ قَالَ: فَوَضَعَ يَدَهُ الْيُمْنَى عَلَى فَخِذِهِ وَأَشَارَ بِأُصْبُعِهِ الَّتِي تَلِي الْإِبْهَامَ إِلَى الْقِبْلَةِ وَرَمَى بِبَصَرِهِ إِلَيْهَا أَوْ نَحْوَهَا ثُمَّ قَالَ: هَكَذَا رَأَيْتُ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يصنع
الراوي : عَلِيِّ بْن عَبْدِ الرَّحْمَنِ الْمُعَاوِيِّ | المحدث : العلامة ناصر الدين الألباني |
المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان
الصفحة أو الرقم: 1944 | خلاصة حكم المحدث: صحيح ـ ((صحيح أبي داود)) (907)

বাংলা

১৯৪৪. আলী বিন আব্দুর রহমান আল মুআবী থেকে বর্ণিত, তিনি বলেন, “আব্দুল্লাহ বিন উমার রাদ্বিয়াল্লাহু আনহুমা আমাকে দেখলেন যে, আমি নুড়ি পাথর নিয়ে সালাতে অনর্থক নাড়াচাড়া করছি। অতঃপর যখন তিনি সালাত শেষ করলেন, তখন তিনি আমাকে বলেন, “সালাতে এভাবে কঙ্কর নাড়াচাড়া করো না। কেননা এমন করা শয়তানের পক্ষ থেকে হয়ে থাকে। তারপর তিনি বললেন, “তুমি সালাতে তেমনি করবে, যেমন রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম করতেন।” রাবী বলেন, “তারপর আব্দুল্লাহ বিন উমার রাদ্বিয়াল্লাহু ডান হাত ডান উরুর উপর রাখেন এবং বৃদ্ধাঙ্গুলির পরের আঙ্গুল অর্থাৎ তর্জনীর সাহায্যে ইশারা করেন। আর তার দৃষ্টি আঙ্গুলের ইশারার দিকে নিবন্ধ রাখেন। অতঃপর বলেন, “আমি রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামকে এরকম করতে

দেখেছি।”[1]

## ফুটনোট

[1] বাগাবী, শারহুস সুন্নাহ: ৬৭৫; মুয়াত্তা ইমাম মালিক: ১/৮৮-৮৯; মুসনাদ ইমাম শাফে‘ঈ: ১/৮৭-৮৮; সহীহ মুসলিম: ৫৮০; আবূ দাঊদ: ৯৮৭; নাসাঈ: ৩/৩৬; আবূ আওয়ানা: ২/২২৩; সুনান বাইহাকী: ২/১৩০।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাঊত রহিমাহুল্লাহ মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহ আবূ দাঊদ: ৯০৭)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ আলী ইবনু আবদুর রহমান মু'আবী (রহঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=91160

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন